

আন্তর্জাতিক

এখনই সমঝোতার সবচেয়ে ভালো সময়, বললেন পেজেশকিয়ান

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেছেন, দেশকে ংনা যুদ্ধ, না শান্তি অবস্থার বাইরে বেরিয়ে আসতে হবে। তাঁর মতে, এ পরিস্থিতি থেকে বের হয়ে একটি চুক্তিতে পৌঁছানোর জন্য এখনই সবচেয়ে উপযুক্ত সময়।

ইরানের গণমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে পেজেশকিয়ান এসব কথা বলেন। তিনি বলেন, দেশে এখন ঐক্য, শক্তি ও সংহতি রয়েছে। চলমান যুদ্ধে ইরানকে বিজয়ী ও শক্তিশালী হিসেবেই বিবেচনা করা হচ্ছে।

এই পরিস্থিতিতে এখনই একটি সমঝোতায় পৌঁছানো সবচেয়ে ভালো হবে বলে মনে করেন পেজেশকিয়ান।

ইরানের প্রেসিডেন্ট বলেন, যুদ্ধবিরতি লঙ্ঘনের ঘটনাগুলো মোকাবিলায় ইরান ও যুক্তরাষ্ট্রের আগেই একটি যোগাযোগব্যবস্থা তৈরি করা উচিত ছিল।

তাঁর ভাষ্য, যেকোনো সমঝোতা স্মারকে লঙ্ঘনের ঘটনা ঘটতে পারে। তাই এসব ঘটনা মোকাবিলায় শুরুতেই একটি দল গঠন করা প্রয়োজন ছিল। যুদ্ধের পথে না গিয়ে সেই দল লঙ্ঘনের ঘটনাগুলো সমাধানের চেষ্টা করতে পারত।

পেজেশকিয়ান বলেন, এখন কীভাবে এসব লঙ্ঘনের ঘটনা সমাধান করা যায়, তা নিয়ে কাজ করতে হবে। বর্তমানে ওমানে চলমান আলোচনায় বিষয়গুলো নিয়ে কাজ চলছে বলেও জানান তিনি।

তিনি আশা প্রকাশ করেন, আলোচনার মাধ্যমে এমন একটি পর্যায়ে পৌঁছানো সম্ভব হবে, যেখানে ইরান-না যুদ্ধ, না শান্তি পরিস্থিতির অবসান ঘটিয়ে স্থিতিশীল অবস্থায় ফিরতে পারবে।

সূত্র: আলজাজিরা

এ বিভাগের আরও খবর



হুথীদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে হুথীদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইরানের হুথীদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...



ভ্রমণে গিয়ে মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে প্রাণ গেল ৮ শিক্ষার্থীর
ভারতের মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে আট শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাজ্যটির রায়গড় জেলার দিভেগার সমুদ্রসৈকতে এ ঘটনা ঘটে। পরে তাদের মরদে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/ekhni-smjhotar-sbccheye-bhalo-smy-bllen-pejeshkiyan>